

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০০৭.২০১৬-১৪৮৬

তারিখ : ১৭ ডিসেম্বর ২০১৭

বিষয়: দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে আনীত অভিযোগ স্পষ্টীকরণ।

সূত্র-১: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৯.১৬.০০৭.১২-২০৮; তারিখ: ০৬ জুলাই ২০১৭।

সূত্র-২: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০০৭.২০১৬-১০১৭; তারিখ: ১৬ আগস্ট ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্র পত্রের মাধ্যমে দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব ফরহাদ হাসান চৌধুরী ইগলুর বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগ তদন্ত করে প্রেরণ করা হয়। তদন্ত প্রতিবেদনে উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান ৩৩দিন উপজেলা পরিষদে অনুপস্থিত ছিলেন এবং জীপগাড়ি নিয়ে জেলার বাইরে অবস্থান করেছেন এবং জ্বালানী উত্তোলন করেছেন মর্মে উল্লেখ করা হয়েছে। উপজেলা পরিষদে ৩৩দিন অনুপস্থিত থাকার কারণ, এ সময়ে তিনি কোন ছুটি গ্রহণ করেছিলেন কিনা বা ছুটি বিধিমালা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগকে অবহিত করেছিলেন কিনা, উক্ত সময়ে উপজেলা পরিষদের জীপগাড়ি কে ব্যবহার করেছেন এবং জ্বালানী উত্তোলনকারী কে ছিলেন প্রভৃতি বিষয় স্পষ্টীকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: .....কপি।

J.M.  
১৭/১২/২০১৭  
(ড. জুলিয়া মর্সন)  
উপসচিব  
ফোন : ৯৫৬২২৪৭

বিভাগীয় কমিশনার  
রংপুর।

অনুলিপি:

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।